**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 3/9/2023 **গভর্নর ক্যাথি হোকল**

# জরুরি ও স্থায়ী সহায়তামূলক আবাসন নির্মাণের জন্য 13.3 মিলিয়ন ডলার বরাদ্দ দেওয়া সম্পর্কে গভর্নর হোকলের ঘোষণা

***এসব প্রকল্প গৃহহীনতার সম্মুখীন হওয়া নিউ ইয়র্কবাসীদেরকে সহায়তা করার জন্য বিভিন্ন আবাসনের অপশনের প্রয়োজন বিশেষভাবে তুলে ধরছে***

***গভর্নরের 2024 অর্থবছরের নির্বাহী বাজেট গৃহহীনদের জন্য আবাসন ও সহায়তা কর্মসূচির জন্য 128 মিলিয়ন ডলারের বার্ষিক তহবিল অব্যাহত রেখেছে***

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে গৃহহীনতার সম্মুখীন হওয়া ব্যক্তি ও পরিবারগুলোর জন্য জরুরি ও স্থায়ী সহায়তামূলক আবাসন সম্প্রসারণ ও সংরক্ষণ করতে সাহায্য করার জন্য 13.3 মিলিয়ন ডলারেরও বেশি অনুদান প্রদান করা হয়েছে। ব্রঙ্কসে 51টি অ্যাপার্টমেন্ট নির্মাণ করবে এবং এরি কাউন্টিতে পরিবারগুলোর জন্য 80-বেডের একটি নতুন জরুরি আশ্রয়কেন্দ্র নির্মাণ করবে এমন প্রকল্পগুলোকে অর্থায়ন প্রদান করা হয়েছে। ওনেইডা ও চৌতাউকা কাউন্টিতে বিদ্যমান জরুরি আশ্রয়কেন্দ্রগুলো মেরামত করতে সাহায্য করার জন্যেও তহবিল প্রদান করা হয়েছে।

"এসব বৈচিত্র্যপূর্ণ প্রকল্প সাশ্রয়ী আবাসনের অ্যাক্সেস সম্প্রসারণ করবে এবং একইসাথে আমাদের নিউ ইয়র্কবাসীদের মধ্যে সবচেয়ে অরক্ষিত অবস্থায় থাকা কিছু মানুষকে নিরাপদ, সুরক্ষিত বাড়ি প্রদান করতে সাহায্য করবে," **বলেছেন গভর্নর হোকল।** "সম্পন্ন হয়ে যাওয়ার পরে, এসব কাঠামো গৃহহীনতার সম্মুখীন হওয়া আমাদের সঙ্গী নিউ ইয়র্কবাসীদের জীবনে স্থিতিশীলতা নিয়ে আসতে সাহায্য করবে, যা তাদেরকে একটি উন্নত ভবিষ্যতের ভিত্তি নির্মাণ করতে সাহায্য করবে।"

এই তহবিল আসে স্টেটের সাময়িক ও অক্ষমতা সংক্রান্ত সহায়তা বিষয়ক অফিসের (Office of Temporary and Disability Assistance) গৃহহীনদের জন্য আবাসন এবং সহায়তা কর্মসূচি থেকে, যা নিউ ইয়র্ক জুড়ে আবাসনকে আরো সাশ্রয়ী মূল্যের, সমতাপূর্ণ ও স্থিতিশীল করে তোলার জন্য গভর্নর হোকলের সমন্বিত পরিকল্পনার একটি গুরুত্বপূর্ণ উপাদান। 2023 অর্থবছরের জন্য প্রণীত স্টেট বাজেটে গভর্নরের 25 বিলিয়ন ডলারের পাঁচ-বছর মেয়াদী সমণ্বিত আবাসন পরিকল্পনা অন্তর্ভুক্ত ছিল যা স্টেট জুড়ে 100,000 সাশ্রয়ী বাড়ি তৈরি বা সংরক্ষণ করার মাধ্যমে আবাসনের

সরবরাহ বৃদ্ধি করবে, যার মধ্যে অসহায় জনগোষ্ঠীর জন্য সহায়তামূলক পরিষেবাসম্পন্ন 10,000 বাড়ি এবং আরো 50,000 বাড়িতে বিদ্যুতায়ন সম্পন্ন করা অন্তর্ভুক্ত রয়েছে।

গভর্নরের 2024 অর্থবছরের নির্বাহী বাজেটে নিউ ইয়র্ক হাউজিং কমপ্যাক্ট (New York Housing Compact) অন্তর্ভুক্ত রয়েছে, যেটি ঐতিহাসিক স্বল্পতা পূরণ করার জন্য আগামী দশকের মধ্যে 800,000 নতুন বাড়ি নির্মাণ করার মাধ্যমে নিউ ইয়র্কের আবাসন সংকট মোকাবেলা করার স্টেটব্যাপী একটি কর্মকৌশল। এই নির্বাহী বাজেট গৃহহীনদের আবাসন ও সহায়তা কর্মসূচির (Homeless Housing and Assistance Program) জন্য 128 মিলিয়ন ডলারের মূলধনী তহবিল প্রদান অব্যাহত রেখেছে।

যেসব প্রকল্পে তহবিল বরাদ্দ করা হয়েছে তার মধ্যে রয়েছে:

- **স্যালভেশন আর্মিকে (The Salvation Army)** বাফেলোতে গৃহহীন পরিবারগুলোর জন্য 80 বেডের জরুরি আবাসন সহ 32টি ইউনিট নির্মাণ করতে সাহায্য করার জন্য 10 মিলিয়ন ডলার প্রদান করা হয়েছে। এই নতুন আশ্রয়কেন্দ্র আরেকটি সম্পত্তিতে অবস্থিত স্যালভেশন আর্মির বিদ্যমান 77-বেডের আশ্রয়কেন্দ্রটিকে প্রতিস্থাপন করবে, তাই নির্মাণকাজ চলাকালীন সময়ে কোনো অধিবাসীকে বাসস্থান হারাতে হবে না। নতুন ভবনটির ফার্স্ট ফ্লোরে প্রশাসনিক ও সহায়তা পরিষেবাগুলোর অফিস এবং একটি লন্ড্রি ফ্যাসিলিটি থাকবে।

- **দ্য ব্রিজ, ইনক. (The Bridge, Inc.)-কে** গৃহহীনতার সম্মুখীন হওয়া 12 জন দুর্বল ও বয়স্ক ব্যক্তি এবং মানসিক অসুস্থতায় আক্রান্ত 39 জন ব্যক্তির জন্য ব্রঙ্কসে স্থায়ী সহায়তামূলক আবাসনের 51টি ইউনিট নির্মাণ করতে সাহায্য করার জন্য 3.1 মিলিয়ন ডলার প্রদান করা হয়েছে। অধিবাসীদেরকে যেসব সহায়তামূলক পরিষেবা প্রদান করা হবে সেগুলোর মধ্যে কেস ম্যানেজমেন্ট, ক্রাইসিস ইন্টারভেনশন, শিক্ষাগত ও কারিগরি পরিষেবা, এবং দৈনন্দিন জীবনের ক্রিয়াকলাপ সংক্রান্ত দক্ষতার প্রশিক্ষণ অন্তর্ভুক্ত রয়েছে।

- **রেসকিউ মিশন অব ইউটিকা (Rescue Mission of Utica)-কে** ইউটিকায় এটির 59 বেডের জরুরি আশ্রয়কেন্দ্র মেরামতের জন্য 100,000 ডলার প্রদান করা হয়েছে, যেসব মেরামত কাজের মধ্যে জানালা প্রতিস্থাপন, রাজমিস্ত্রীর কাজ এবং ভবনের বাইরের অংশে রঙ করা অন্তর্ভুক্ত রয়েছে।

- **ইউনাইটেড ক্রিশ্চিয়ান অ্যাডভোকেসি নেটওয়ার্ক সিটি মিশন (United Christian Advocacy Network City Mission)-কে** জেমসটাউনে এটির 17-ইউনিট, 29-বেড বিশিষ্ট জরুরি আশ্রয়কেন্দ্রের পুরোনো হয়ে যাওয়া হিটিং সিস্টেম প্রতিস্থাপনের জন্য 100,000 ডলার প্রদান করা হয়েছে।

**অস্থায়ী ও অক্ষমতা সংক্রান্ত সহায়তা বিষয়ক দপ্তরের (Office of Temporary and Disability Assistance) কমিশনার ড্যানিয়েল ডব্লিউ. টিয়েজ বলেন,** "গৃহহীনদের জন্য

আবাসন ও সহায়তা কর্মসূচি স্থায়ী সহায়তামূলক আবাসন উন্নয়নে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে, কিন্তু একইসাথে জরুরি আশ্রয়কেন্দ্র নির্মাণ, পুনর্বাসন ও মেরামতের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ মূলধনী তহবিলও প্রদান করে। গভর্নর হোকল নিউ ইয়র্কের গৃহহীনতা ও আবাসন সংকট মোকাবেলার জন্য অঙ্গীকারাবদ্ধ এবং এধরনের প্রকল্পগুলো সেই প্রচেষ্টাগুলোর ক্ষেত্রে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।"

**স্যালভেশন আর্মি অব এরি কাউন্টির ডিরেক্টর অব অপারেশন্স মেজর অ্যানেট লক বলেন,** "হোপ অন মেইন পারিবারিক জরুরি আশ্রয়কেন্দ্র (Hope on Main Emergency Family Shelter) নির্মাণের জন্য গভর্নর হোকল, অস্থায়ী ও অক্ষমতা সংক্রান্ত সহায়তা বিষয়ক দপ্তর এবং আমাদের কমিউনিটির সমর্থকদের সঙ্গে অংশীদার হতে পেরে বাফেলোর স্যালভেশন আর্মি কৃতজ্ঞ। এই আশ্রয়কেন্দ্র একটি নিরাপদ, সুরক্ষিত, আশাপ্রদ স্থান প্রদান করবে যেখানে অরক্ষিত অবস্থায় থাকা পরিবারগুলো শুধু যে উষ্ণ বিছানা ও পুষ্টিকর খাবার পাবে তাই নয়, বরং সেইসাথে তাদের সংকটপূর্ণ অবস্থা থেকে স্থিতিশীলতার দিকে উত্তরণ ঘটানোর জন্য প্রয়োজনীয় পরিষেবাসমূহের একটি সম্পূর্ণ পরিসর অ্যাক্সেস করতে পারবে। গৃহহীনদের জন্য আবাসন ও সহায়তা কর্মসূচির তরফ থেকে এই নতুন আশ্রয়কেন্দ্র নির্মাণের জন্য তহবিল প্রদান করা এরি কাউন্টিতে যথাযথ সংস্থানসমূহ না পাওয়া প্রাপ্তবয়স্ক ব্যক্তি ও শিশুদেরকে স্থায়ী, স্থিতিশীল আবাসন খুঁজে নেওয়ার যাত্রায় সহায়তা করার জন্য স্যালভেশন আর্মির ষাট বছরের ঐতিহ্যকে অব্যাহত রাখার বিষয়টি নিশ্চিত করবে।"

**দ্য ব্রিজ ইনক.-এর সিনিয়র ভাইস প্রেসিডেন্ট ফর হাউজিং ডেভেলপমেন্ট ক্যারল গর্ডন বলেন,** "গৃহহীনতা, সাশ্রয়ী আবাসনের প্রয়োজন, এবং এসব স্টেট তহবিলের গুরুত্ব মোকাবেলার জন্য গভর্নর হোকল এবং গৃহহীনদের জন্য আবাসন ও সহায়তা কর্মসূচির প্রচেষ্টাকে দ্য ব্রিজ সাধুবাদ জানায়। এসব তহবিল অরক্ষিত অবস্থায় থাকা নিউ ইয়র্কবাসীকে নিরাপদ সাশ্রয়ী আবাসন এবং পরিষেবাসমূহ প্রদান করতে আমাদেরকে সাহায্য করবে যা গুরুতর মানসিক অসুস্থতায় আক্রান্ত ব্যক্তি এবং দুর্বল/প্রতিবন্ধী বয়স্ক ব্যক্তিদের জন্য দীর্ঘমেয়াদী গৃহহীনতার সমস্যা মোকাবেলা করবে। বিশেষ চাহিদাসম্পন্ন সাবেক গৃহহীন প্রাপ্তবয়স্কদের জন্য HHAP তহবিলের সহায়তায় পরিচালিত 51টি স্থায়ী সহায়তামূলক ইউনিটের পাশাপাশি ভবনটিতে গৃহহীন অবস্থার সম্মুখীন হওয়ার ঝুঁকিতে থাকা অত্যন্ত নিম্ন আয়ের কমিউনিটির 14 জন বয়স্ক ব্যক্তিকে আবাসন প্রদান করা হবে। আমরা শীঘ্রই নির্মাণকাজ শুরু করার প্রত্যাশা করি।"

**রেসকিউ মিশন অব ইউটিকা, ইনক.-এর এক্সিকিউটিভ ডিরেক্টর ওয়েন্ডি আর. গোয়েটজ বলেন,** "গৃহহীনতার সম্মুখীন হওয়া ব্যক্তিদের জন্য জরুরি ও স্থায়ী সহায়তামূলক আবাসন সম্প্রসারণ ও সংরক্ষণে সাহায্য করার জন্য তহবিল প্রদান করতে গভর্নর হোকলের অঙ্গীকারাবদ্ধতার জন্য রেসকিউ মিশন অব ইউটিকা অত্যন্ত কৃতজ্ঞ। এই তহবিল আমাদেরকে আমাদের 59 বেডবিশিষ্ট আশ্রয়কেন্দ্রটির অতি প্রয়োজনীয় মেরামতকাজ সম্পন্ন করার সুযোগ করে দিবে।"

**ইউনাইটেড ক্রিশ্চিয়ান অ্যাডভোকেসি নেটওয়ার্কের সিটি মিশনের এক্সিকিউটিভ ডিরেক্টর অ্যারন ওয়াডিন বলেন,** "গৃহহীনদের জন্য আবাসন ও সহায়তা কর্মসূচির তরফ

থেকে এই অনুদান আমাদের পুরুষদের গৃহহীনদের আশ্রয়কেন্দ্রের পুরোনো হিটিং সিস্টেম প্রতিস্থাপন করার জন্য ব্যবহার করা হচ্ছে। এটি একটি বিশাল সৌভাগ্য এবং একটি প্রার্থনার জবাব কারণ এটি এই শীতকালীন মাসগুলোতে আমাদের অতিথিদেরকে উষ্ণ আশ্রয়কেন্দ্রে সেবা প্রদান করা অব্যাহত রাখার পাশাপাশি উত্তপ্ত গ্রীষ্মকালীন মাসগুলোতে এখানে জেমসটাউনে এই মিশনের ইতিহাসে প্রথমবারের মতো ভবনটিতে এয়ার কন্ডিশনিং প্রদান করার জন্য আমাদেরকে সুযোগ করে দিবে।"

গৃহহীনদের আবাসন সহায়তা কর্মসূচিটি লাভের উদ্দেশ্যহীন কর্পোরেশন, দাতব্য ও ধর্মীয় সংগঠন ও পৌরসভাগুলিকে সেই সকল মানুষের জন্য বাসস্থান অর্জন, নির্মাণ করতে বা পুনর্বাসন দিতে মূলধনী অনুদান ও ঋণ প্রদান করে যারা বিশেষ সহায়তা ছাড়া পর্যাপ্ত বাসস্থান পেতে অক্ষম। সাময়িক ও অক্ষমতা সংক্রান্ত সহায়তা বিষয়ক দপ্তরের কর্মীদের দ্বারা পরিচালিত একটি পাবলিক বেনিফিট কর্পোরেশন, নিউ ইয়র্ক স্টেট হোমলেস হাউজিং অ্যান্ড অ্যাসিস্ট্যান্স কর্পোরেশন (New York State Homeless Housing and Assistance Corporation) কর্তৃক একটি প্রতিযোগিতামূলক প্রক্রিয়ার মধ্য দিয়ে এই তহবিল প্রদান করা হয়েছে।

এই কর্মসূচির মাধ্যমে নিউ ইয়র্ক স্টেট সহায়ক আবাসনের উন্নয়নের লক্ষ্যে 1.5 বিলিয়ন ডলারের বেশি বরাদ্দ করেছে। সব মিলিয়ে, এই কর্মসূচি গৃহহীনতার সম্মুখীন হওয়া ব্যক্তি ও পরিবারগুলিকে সহায়তা করার জন্য 25,000 এরও বেশি আবাসিক ইউনিট তৈরি করেছে।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন